



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী।

EIIN: 125188, ওয়েবঃ www.ngwc.gov.bd ই-মেইলঃ nilgovwc@gmail.com ☎ ০৫৫১-৬১৩০৯

স্মারক নং- নীসমক/২০১৯/৪৫০(২)

তারিখ: ১২/০৫/২০১৯ খ্রি.

এসএমএস ও অনলাইনের মাধ্যমে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী :

নীলফামারী সরকারি মহিলা কলেজের আসন সংখ্যাঃ বিজ্ঞান- ১৫০, মানবিক- ৪০০, ব্যবসায় শিক্ষা- ১৫০

▶ ভর্তির আবেদনের যোগ্যতাঃ অত্র কলেজে ভর্তির আবেদন করার জন্য এসএসসি পরীক্ষার ফলাফলে নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে-
বিজ্ঞান = সর্বনিম্ন জিপিএ ৪.০০, মানবিক = সর্বনিম্ন জিপিএ ৩.৫০, ব্যবসায় শিক্ষা = সর্বনিম্ন জিপিএ ৩.০০

একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্যতা ও নির্বাচন :

- ▶ ২০১৭, ২০১৮, ২০১৯ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৯-২০ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।
- ▶ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর ভর্তির যোগ্য বিবেচিত হবে।
- ▶ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথা:
 - * বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
 - * মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
 - * ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

অনলাইনে ভর্তি :

▶ ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব সাইট এর ঠিকানা ও কলেজের EIIN নম্বর:

www.xiclassadmission.gov.bd

EIIN: 125188

▶ অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ)টি কলেজের জন্য পছন্দক্রমের ভিত্তি আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/ সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজের তার অবস্থান নির্ধারণ করা হবে।

ক্র:নং	বিষয়	তারিখ
১	ভর্তির জন্য অনলাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পূর্ণঃ নিরীক্ষনের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	১২/০৫/২০১৯ থেকে ২৩/০৫/২০১৯ খ্রি.
২	আবেদন যাচাই বাছাই ও আপত্তি নিষ্পত্তি	২৪/০৫/২০১৯ থেকে ২৬/০৫/২০১৯ খ্রি.
৩	শুধুমাত্র পূর্ণঃ নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	০৩/০৬/২০১৯ থেকে ০৪/০৬/২০১৯ খ্রি.
৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	আবেদনের তারিখ থেকে ০৫/০৬/২০১৯ খ্রি.
৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১০/০৬/২০১৯ খ্রি.
৬	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল)	১১/০৬/২০১৯ থেকে ১৮/০৬/২০১৯ খ্রি.
৭	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	১৯/০৬/২০১৯ থেকে ২০/০৬/২০১৯ খ্রি.
৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	২১/০৬/২০১৯ খ্রি.
৯	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২১/০৬/২০১৯ খ্রি.
১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল)	২২/০৬/২০১৯ থেকে ২৩/০৬/২০১৯ খ্রি.
১১	৩য় পর্যায়ের আবেদন গ্রহণ	২৪/০৬/২০১৯ খ্রি.
১২	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	২৫/০৬/২০১৯ খ্রি.
১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৫/০৬/২০১৯ খ্রি.
১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল)	২৬/০৬/২০১৯ খ্রি.
১৫	ভর্তির তারিখ	২৭/০৬/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ খ্রি.
১৬	ক্লাস শুরুর তারিখ	০১/০৭/২০১৯ খ্রি.


(প্রফেসর মোঃ দিদারুল ইসলাম-৫২৯৬)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি মহিলা কলেজ,
নীলফামারী।

প্রফেসর মোঃ দিদারুল ইসলাম (৫২৯৬)

অধ্যক্ষ
নীলফামারী সরকারি মহিলা কলেজ
নীলফামারী।